**একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে।**

শেখ হাসিনার উদ্যোগ

**ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩**
Mymensingh Palli Bidyut Samity-3.
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)
ISO 9001:2015 Certified

ময়মনসিংহ পবিস-৩
শম্ভুগঞ্জ, সদর, ময়মনসিংহ।
Email: mpbs3@yahoo.com
Web: pbs3.mymensingh.gov.bd

মুজিব ১০০

স্মারক নং-২৭.১২.৬১৫২.৫৬৪.০২.০০৮.২৩.২২৬১

তারিখ: ১১ জুলাই, ২০২৩ খ্রিস্টাব্দ
২৭ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ

# "নিয়োগ বিজ্ঞপ্তি (সংশোধনী)"

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এ "কাজ নাই মজুরী নাই" ভিত্তিতে নিম্নোক্ত শর্তানুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে "বিলিং সহকারী" পদে নিয়োগের প্যানেল তৈরীর নিমিত্তে যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ভৌগলিক এলাকার স্থানীয় বাসিন্দা মহিলা নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিম্নোক্ত ছকে পদ সংক্রান্ত বিস্তারিত তথ্য উল্লেখ করা হলোঃ

| ক্রঃ নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা | বয়স সীমা | প্রার্থীর যোগ্যতা | মজুরী | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|---|
| ০১। | **বিলিং সহকারী "কাজ নাই মজুরী নাই" (মহিলাদের জন্য সংরক্ষিত)** | ১১ (এগার) টি (কম/বেশী হতে পারে) | ৩১/০৭/২০২৩খ্রিঃ তারিখে প্রার্থীর অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | (ক) এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ অথবা জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ৩.০০ থাকতে হবে।<br>(গ) প্রার্থীর কম্পিউটারে ও গাণিতিক বিষয়ে ভাল জ্ঞান থাকতে হবে।<br>(খ) প্রার্থীকে কম্পিউটারে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০টি ও ইংরেজীতে প্রতি মিনিটে ৩০ টি শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। | দৈনিক ৮০০.০০ (আটশত) টাকা | ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ভৌগলিক এলাকার স্থায়ীভাবে বসবাসকারী (ময়মনসিংহ সদর আংশিক (ইউনিয়ন- অষ্টধার, কুষ্টিয়া বোররচর, পরানগঞ্জ, চরঈশ্বরদিয়া, সিরতা, চরনিলক্ষীয়া), গৌরীপুর, ঈশ্বরগঞ্জ, ফুলপুর, হালুয়াঘাট, ধোবাউড়া ও তারাকান্দা উপজেলা) শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

**শর্তাবলীঃ**

০১। আবেদনকারীকে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ওয়েবসাইট Web: pbs3.mymensingh.gov.bd অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট (reb.gov.bd) হতে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ৩১/০৭/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। উল্লেখ্য যে, সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদ প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। মার্কশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য হবে না। জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি জমা প্রদান করতে হবে। স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ সিটি কর্পোরেশন এর চেয়ারম্যান/মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র সংযুক্ত করতে হবে। প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ এর অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হতে ১০০ (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে এবং সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি এবং সকল সনদপত্রের সত্যায়িত কপি (নাম ও পদবীর সীলসহ ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

অঃপৃঃদ্রঃ

০৩। ৩১/০৭/২০২৩ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়সের প্রমাণক হিসাবে এসএসসি'র সনদ বিবেচিত হবে।

০৪। বর্ণিত শূন্য পদের সংখ্যা নিয়োগ প্রদানকালীন সময়ে কম/বেশি হতে পারে।

০৫। প্রার্থী কর্তৃক শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদানকৃত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতি প্রমাণিত হলে আবেদনকারীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

০৬। এ ধরনের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না এবং এ বিষয়ে কোন দাবী গ্রহণযোগ্য হবে না। ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর যতদিন প্রয়োজন ততদিন "কাজ নাই মজুরী নাই" ভিত্তিতে এ নিয়োগ বলবৎ থাকবে।

০৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮। নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীকে প্রবেশপত্র রেজিস্টার্ড ডাকের মাধ্যমে জানানো হবে।

০৯। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী চূড়ান্ত/বাছাই করা হবে।

১০। প্রার্থী চূড়ান্তভাবে নির্বাচিত হলে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তরসহ যে কোন জোনাল/সাব-জোনাল অফিসে চাকুরী করতে বাধ্য থাকবে।

১১। যে কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১২। আবেদনকারীকে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর জেনারেল ম্যানেজার বরাবর খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক নির্ধারিত ছকের আবেদনপত্র স্বহস্তে পূরণ করে চাহিত কাগজপত্রাদি সহ প্রেরণ করতে হবে।

(মোহাম্মদ আবুল কালাম আজাদ)
জেনারেল ম্যানেজার

**অনুলিপি : (সদয় অবগতির জন্য) জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়।**

০১। জেলা প্রশাসক/পুলিশ সুপার, ময়মনসিংহ।
০২। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মনিটরিং ব্যঃ ও পঃ (কেঃঅঃ)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ---------------------পবিস-১/২/৩/৪।
০৫। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবো, ঢাকা।
০৬। উপজেলা, নির্বাহী কর্মকর্তা-------------------------------------- ময়মনসিংহ।
০৭। ডিজিএম, কারিগরী/ফুলপুর/ঈশ্বরগঞ্জ/হালুয়াঘাট/ধোবাউড়া জোনাল অফিস, মপবিস-৩।
০৮। এজিএম (ওএন্ডএম), তারাকান্দা সাব-জোনাল অফিস, মপবিস-৩।
০৯। এজিএম (ওএন্ডএম/ইএন্ডসি/অর্থ/সদস্য সেবা/প্রশাসন/আইটি/এইচআর), মপবিস-৩।
১০। জুনিঃ ইঞ্জিঃ (আইটি), মপবিস-৩ (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
১১। নোটিশ বোর্ড, মপবিস-৩।
১২। অফিস কপি/ মাস্টার কপি।

বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(মোহাম্মদ আবুল কালাম আজাদ)
জেনারেল ম্যানেজার

শেখ হাসিনার উদ্যোগ

ফরম নং- পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, অনুমোদিত তারিখঃ ২৭/০৪/২০১৪ খ্রিঃ

ISO 9001:2015 Certified

# ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর বিলিং সহকারী (কাজ নাই মজুরী নাই) পদে নিয়োগ/ প্যানেল তৈরির আবেদন ফরম।

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

জেনারেল ম্যানেজার
ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩
শম্ভুগঞ্জ, ময়মনসিংহ।

০১. নিয়োগ বিজ্ঞপ্তি নং------------

.................................... ০২. আবেদনকৃত পদের নাম ( বিজ্ঞপ্তিতে যে ভাবে উল্লেখ আছে )

.............................. ০৩. পদের ধরন ঃ

................................................ ০৪. বিজ্ঞাপনের সূত্র / পত্রিকার নাম

.................................................... ০৫. প্রকাশনার তারিখ

.......................................... ০৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

...................................... ( বড় হাতের অক্ষরে ইংরেজীতে )

....................................................... ০৭. জন্ম তারিখ (এসএসসি পরীক্ষার সনদ/ নিবন্ধন অনুযায়ী)

........./........./............... (দিন/মাস/বছর)

.................................................... ০৮. মাতার নাম

০৯. বয়স ( ৩১/০৭/২০২৩ খ্রিঃ তারিখে)

.................................................... ১০. পিতার নাম

................................................ ১১. ধর্ম

.................................................... ১২. জাতীয়তা

................................................ ১৩. নিজ জেলা

.................................................... ১৪. টেলিফোন / মোবাইল নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন) [ ] বিবাহিত [ ] অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন) ঃ

[ ] মহিলা [ ] মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা [ ] মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা [ ] এতিম ও শারীরিক প্রতিবন্ধি

[ ] উপজাতি [ ] আনসার ও গ্রাম প্রতিরক্ষা [ ] অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানা ঃ

| ............................ | ............................ | ............................ | ............................ |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা / থানা | ঘ. জেলা |

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র / নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

| ............................ | ............................ | ............................ | ............................ |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা / থানা | ঘ. জেলা |

.................................................. ১৯. ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার নং

.................................................. ২০. ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার এর মূল্য

.................. ২১. ইস্যুর তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ / বিভাগ / শ্রেণী | | সার্টিফিকেট/ডিগ্রি অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/ শ্রেণী/ গ্রেড | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে) ঃ

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর / পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী / পেশা, ঠিকানা, টেলিফোন / মোবাইল নম্বর (ই-মেইল ঠিকানা যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে ) ঃ

| কর্মরত পবিস এর নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হ্যাঁ/না) জবাব হ্যাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে। | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

....................................... আবেদনকারীর স্বাক্ষর

................................ তারিখ

## ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩
শম্ভুগঞ্জ, ময়মনসিংহ।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে ষ্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

## লিখিত/ মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

# প্রবেশ পত্র

( অফিস কর্তৃক পূরণীয় )

প্রার্থীর রোল নম্বর ঃ ....................................................................

পরীক্ষার তারিখ ঃ ....................................................................

পরীক্ষার সময় ঃ ....................................................................

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ ....................................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা ঃ ....................................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ঃ ........................................

(প্রার্থী / আবেদনকারী কর্তৃক পূরণীয় )

**পদের নাম ঃ** ..........................................................................

প্রার্থীর নাম ..........................................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশ পত্র পেতে ইচ্ছুক ....................................................

..........................................................................

..........................................................................

..........................................................................

প্রার্থী / আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশনাবলী

০১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশ পত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অন্তত ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০:০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বই পত্র, ক্যালকুলেটর, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ।

০৫। চাকুরীর আবেদন পত্রের সঙ্গে মিল রেখে হাজিরা তালিকা, উত্তর পত্র এবং অন্যান্য কাগজ পত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬। পরীক্ষার সময় মূল কাগজপত্র সংগে আনতে হবে।

০৭। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৮। উল্লিখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর সমিতি কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজন বোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।